বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৮০৩ তারিখঃ ২৪/০২/২০১৫ ইং

# প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর সভা কক্ষে অদ্য ২৪/০২/২০১৫ ইং তারিখে নিউজিল্যান্ডের ভিক্টোরিয়া ইউনিভার্সিটি অফ ওয়েলিংটন এর ভিক্টোরিয়া বিজনেস স্কুলের Professor Dr. Tony Van Zijil, PhD BSc BCA(Hons) DipAcc FCA CSAP (Professor van Zijil is the Professor of Accounting & Financial Management and Director of the Centre for Accounting, Governance and Taxation Research and Consul General of Bangladesh) এর সাথে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম খায়রুল হোসেন এর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনারগণ, নির্বাহী পরিচালকগণ এবং পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে সভাপতি মহোদয় Professor Dr. Tony Van Zijil -কে স্বাগত জানিয়ে তাঁর সংক্ষিপ্ত বক্তব্য তুলে ধরেন। এছাড়াও সভায় বাংলাদেশ ফাইন্যান্সিয়াল মার্কেট এর উপর একটি সংক্ষিপ্ত Presentation উপস্থাপন করেন কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান। উক্ত আলোচনা সভায় বাংলাদেশের পুঁজিবাজার সংক্রান্ত সমসাময়িক বিষয়াদি নিয়ে আলোচনা হয়। বাংলাদেশের অর্থনীতি বিশেষ করে পুঁজিবাজার উন্নয়নে গৃহীত পদক্ষেপসমূহ এবং কিভাবে পুঁজিবাজার উন্নয়নে বিএসইসি আরও ভূমিকা রাখতে পারে সে বিষয়ে Professor Dr. Tony Van Zijil এর দৃষ্টি আকর্ষন করা হলে তিনি নিউজিল্যান্ডের অভিজ্ঞতা বর্ণনা করেন। এছাড়াও পুঁজিবাজার উন্নয়নে ভবিষ্যতে ভিক্টোরিয়া ইউনিভার্সিটি এবং বিএসইসি এর মধ্যে সহযোগিতা কিভাবে আরও বৃদ্ধি করা যায় সে বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।

সভার শেষে Professor Dr. Tony Van Zijil -কে ক্রেস্ট ও স্যুভেনিয়র প্রদানের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Rahman
24/02/2015
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



ফোন (পিএবিএক্স) : +৮৮০-২-৯৫৬৮১০১-২, +৮৮০-২-৯৫৬১৫২৫, ফ্যাক্স : +৮৮০-২-৯৫৬৩৭২১, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.secbd.org, www.sec.gov.bd



Professor Dr. Tony Van Zijil আলোচনা সভায় বক্তব্য রাখছেন।



Professor Dr. Tony Van Zijil -কে ক্রেস্ট ও স্যুভেনিয়র প্রদান করেন কমিশনের চেয়ারম্যান মহোদয়।